**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে জাজিরা উপজেলা পরিষদ চেয়ারম্যানের সরকারী জীপ গাড়ীর (০১) সীট কভার নষ্ট হয়ে যাওয়ার ১৯,০০০/- (উনিশ হাজার) টাকার ভাউচার সহ  বিল এবং (০২) ইঞ্জিনের ওয়েল সেল পরিবর্তনের ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকার ভাউচারসহ ০২টি বিল অদ্য সভায় অনুমোদন ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (জীপ রক্ষনাবেক্ষণ) খাতপরিশোধের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

<u>২০। আলোচনা-০৪:</u> উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, জাজিরা উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের বাসার বিভিন্ন মালামাল বাবদ ২৩,০০০/- টাকার বিলের আবেদন পাওয়া গেছে। যাহা উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর এর নির্দেশনায় ক্রয় করা হয়েছে। তিনি উক্ত বিল সমুহ উপজেলা পরিষ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। সভায় এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।
**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে জাজিরা উপজেলা নির্বাহী অফিসারের নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের বাসার বিভিন্ন মালামাল বাবদ ২৩,০০০/- টাকার বিলের) টাকা অদ্য সভায় অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

<u>২১। আলোচনা-০৫:</u> উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, জাজিরা উপজেলা পরিষদ ডরমেটরি ভবন জরাজীর্ণ হওয়ায় সংস্কারের জন্য আবেদন করা হয়েছে। আবেদনের প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতে নির্দেশনা প্রদান করা হলে উপজেলা প্রকৌশলী ২,০০,০০/-(দুই লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করেন। তিনি উক্ত চারটি বাসা সংস্কারের জন্য প্রাক্কলন মোতাবেক বাস্তবতার নিরিখে বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন এবং সংস্কার কাজ বাস্তবায়নের জন্য একটি কমিটি উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** জাজিরা উপজেলা পরিষদ ডরমেটরি ভবন জরাজীর্ণ হওয়ায় সংস্কারের নিমিত্তে প্রাক্কলনকৃত ২,০০,০০/-(দুই লক্ষ) টাকা বরাদ্দ প্রদানে সভার সকল সদস্য একমত পোষন করেন এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (বাসা-বাড়ী রক্ষনাবেক্ষন খাত) হতে বরাদ্দ অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সংস্কার কাজ বাস্তবায়নের জন্য উপস্থাপনকৃত নিম্নোক্ত কমিটি সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গ্রহন করা হয়।

**প্রকল্পের নামঃ** জাজিরা উপজেলা পরিষদ ডরমেটরি ভবন সংস্কার । বরাদ্দ ২,০০,০০০/-

<u>কমিটি</u>

| ক্রঃ নং | নাম | পদবি | কমিটির পদবি |
|---|---|---|---|
| ০১ | জনাব রাশিদা আক্তার | সংরক্ষিত সদস্য, বড়কান্দি ইউনিয়ন পরিষদ | সভাপতি |
| ০২ | জনাব ওয়াহিদুজ্জামান | মুক্তিযোদ্ধা | সদস্য |
| ০৩ | জনাব মো: জাকির হোসেন | স্থানীয় গন্যমান্য | সদস্য |
| ০৪ | জনাব মোঃ হাবিবুল্লাহ বিলালী | ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ, জাজিরা | সদস্য |
| ০৫ | জনাব সাইফুল ইসলাম | স্থানীয় গন্যমান্য | সদস্য |

<u>২৩। আলোচনা-০৭:</u> উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় বলেন যে, জাজিরা উপজেলায় মহান বিজয় দিবস/২০২১ যথাযথভাবে উদযাপন করা হয়েছে। উক্ত উদযাপন অনুষ্ঠানের সরকারী বরাদ্দ অপ্রতুল হওয়ায় জাজিরা উপজেলা পরিষদ হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা বরাদ্দ প্রদানের জন্য তিনি সভাপতি মহোদয়কে অনুরোধ করেন। সভায় এই বিষয়ে বিস্তারিত আরোচনা করা হয়।
**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে মহান বিজয় দিবস/২০২১ উদযাপন অনুষ্ঠান আয়োজনে জাজিরা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (দিবস) খাত হতে ১,০০,০০০/- (একলক্ষ) টাকা বরাদ্দ অনুমোদনের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহন করা হয় ।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো[illegible]ক আলী সিকদার)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
জাজিরা, শরীয়তপুর।

স্মারক নং-০৫.৩০.৮৬৯৪.০০০.১৪.০০২.১৯- ৩০২ (৯৩)
তারিখঃ ২৩/১২/২০২১ খ্রিঃ

<u>সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-</u>

০১। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০২। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ/ মেয়র, জাজিরা পৌরসভা, জাজিরা, শরীয়তপুর।
০৩। উপজেলা ..................................................... অফিসার, জাজিরা, শরীয়তপুর।
০৪। চেয়ারম্যান, ............................................... ইউনিয়ন পরিষদ, জাজিরা, শরীয়তপুর।
০৫। জনাব ....................................................... জাজিরা, শরীয়তপুর।

(মোহাম্মদ আশরাফুজ্জামান ভূঁইয়া)
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
জাজিরা, শরীয়তপুর।